



মায়ের খোঁজে এভারকেয়ার হাসপাতালে তারেক রহমান



সংগৃহীত ছবি

পূর্বাচলে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে নির্ধারিত বক্তব্য শেষ করে অসুস্থ মাকে দেখতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে গেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। দীর্ঘ প্রবাসজীবন শেষে দেশে ফিরে প্রথম দিনেই পারিবারিক দায়িত্বকে অগ্রাধিকার দেন তিনি।

বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) বিকেল ৬টার দিকে তিনি এভারকেয়ার হাসপাতালে পৌঁছান। এর আগে বিকেল সাড়ে ৪টার দিকে তিনি সংবর্ধনাস্থলের মঞ্চ ত্যাগ করেন। এরই মধ্যে দীর্ঘ ১৭ বছর পর স্বদেশে ফেরার আবেগঘন মুহূর্তের সাক্ষী হয় দেশবাসী। বৃহস্পতিবার বেলা ১১টা ৪০ মিনিটে তাকে বহনকারী বাংলাদেশ বিমানের একটি ফ্লাইট ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বিমানবন্দর থেকে বের হওয়ার আগে প্রতীকীভাবে জুতা খুলে বাংলাদেশের মাটিতে পা রাখেন তারেক রহমান এবং হাতে এক মুঠো মাটি তুলে নেন—যা উপস্থিত নেতাকর্মীদের মধ্যে আবেগের সৃষ্টি করে।

এর আগে বুধবার লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে স্ত্রী ডা. জুবাইদা রহমান ও কন্যা ব্যারিস্টার জাইমা রহমানকে সঙ্গে নিয়ে ঢাকার উদ্দেশে রওনা দেন তারেক রহমান। যাত্রাপথে তার সঙ্গে ছিলেন যুক্তরাজ্য বিএনপির কয়েকজন শীর্ষস্থানীয় সদস্যরা।

দীর্ঘ নির্বাসন শেষে দেশে ফিরে রাজনৈতিক কর্মসূচির পাশাপাশি পারিবারিক দায়িত্ব পালনকে গুরুত্ব দেওয়ায় তার এই পদক্ষেপকে মানবিক দৃষ্টান্ত হিসেবে দেখছেন অনেকেই।